

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
সাধারণ শাখা
www.habiganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৯.১০.০০৩.১৬.২৮৮

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬

১২ জুন ২০১৯

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/অগ্রাধিকার প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।

সূত্র: মহোদয়ের কার্যালয়ের ২৭/০৯/২০১০ খ্রিঃ তারিখের ০০.২৬৬.০১.০২.০০১. ২০১১-৭০৯(৪)নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত/অগ্রাধিকার প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের পাক্ষিক অগ্রগতি প্রতিবেদন ছক মোতাবেক প্রস্তুত করা হয়েছে।

মে/২০১৯, ২ য় পক্ষ

ক্রম	প্রতিশ্রুতির বিবরণ	প্রতিশ্রুতি প্রদানের তারিখ	প্রতিশ্রুতি প্রদানের স্থান	প্রতিশ্রুতি/অগ্রগতির বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ	বাস্তবায়ন অগ্রগতি	মন্তব্য
০১	স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে “আমার বাড়ি আমার খামার (একটি বাড়ি একটি খামার)” প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে হবিগঞ্জ জেলার ০৯ টি উপজেলার ৭৮ টি ইউনিয়ন এর ৬৯৩ টি গ্রামে ৬৯৩ টি দল গঠনের মাধ্যমে ৪১৫৮০ জন দরিদ্র জনগোষ্ঠীকে সাবলম্বী করার মাধ্যমে স্বচ্ছলতা আনয়ন ও দারিদ্র দূরীকরণ।	২০০৯-২০১০ অর্থবছর স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পরিপত্র নং- পউসবি/উঃ ন্দাঃ প্রবা-০১/ ২০১০(অংশ-২)/ ৩৪ (১৫০০), তারিখঃ ০৪ ফেব্রুয়ারি ২০১০, ২২ মাঘ ১৪১৬।	প্রধানমন্ত্রীর কার্যালয়	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।	৩১ মে ২০১৯ পর্যন্ত সমিতি গঠন ১৭৪৬টি, সদস্য ভর্তি ৭২৬২৪ জন, সঞ্চয় জমা ২৪৯৫.৪২ লক্ষ টাকা ও ঘূর্ণায়মান ঋণ তহবিল প্রদান ৪০৯৬.৩৮ লক্ষ টাকা, বর্তমানে ১৭৪৬টি সমিতির ৭০৯১৫ জন সদস্যকে ৮৭৩৪.৯৪ লক্ষ টাকা ঋণ প্রদান করা হয়েছে এবং ঋণ আদায় ৪০৪৫.৪২ লক্ষ টাকা।	-
০২	মাননীয় প্রধানমন্ত্রী ‘শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ’ কর্মসূচির আওতায় হবিগঞ্জ জেলাকে শতভাগ বিদ্যুতায়নকরণ।	-	প্রধানমন্ত্রীর কার্যালয়	বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড	হবিগঞ্জ সদর, লাখাই, আজমিরীগঞ্জ, বাহবল, মাধবপুর ও নবসৃষ্ট শায়েস্তাগঞ্জ উপজেলা শতভাগ। নবীগঞ্জ- ৯৯%, বানিয়াচং- ৯৬% ও চুনাবুঘাট- ৯৮%	-

এমতাবস্থায়, প্রস্তুতকৃত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১২-৬-২০১৯

মাহমুদুল কবীর মুরাদ

জেলা প্রশাসক

ফোন: ০৮৩১-৬২১০০

ফ্যাক্স: ০৮৩১-৬১২০৫

ইমেইল: dchabiganj@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার

বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০০৯.১০.০০৩.১৬.২৮৮/১

তারিখ: ২৯ জ্যৈষ্ঠ ১৪২৬

১২ জুন ২০১৯

অনুলিপিঃ প্রতিবেদনটি এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য-

১) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।

১২-৬-২০১৯

মাহমুদুল কবীর মুরাদ

জেলা প্রশাসক